**"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ শাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.০৬.০০২.২৩-৩৭৮

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ২০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

# পরিপত্র

জাতীয় মাছ ইলিশ সম্পদ উন্নয়নের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৯/০৫/২০১৭ তারিখের ৩৩.০০.০০০০.১২৭.০১.০০৯.১০-১৪৪ সংখ্যক পরিপত্রের মাধ্যমে গঠিত জেলা টাস্কফোর্স কমিটি সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত "জেলা টাস্কফোর্স কমিটি" পুনর্গঠন করা হলো:

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| ক্রমিক নং | কমিটির সদস্য | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি | সংশ্লিষ্ট জেলা |
| ২. | পুলিশ সুপার | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ৩. | বাংলাদেশ নৌবাহিনীর প্রতিনিধি | সদস্য | যে জেলায় উক্ত সংস্থার প্রতিনিধি রয়েছে। |
| ৪. | বাংলাদেশ কোস্ট গার্ডের প্রতিনিধি | সদস্য | যে জেলায় উক্ত সংস্থার প্রতিনিধি রয়েছে। |
| ৫. | র‍্যাপিড একশন ব্যাটালিয়ান (র‍্যাব) এর প্রতিনিধি | সদস্য | যে জেলায় উক্ত সংস্থার প্রতিনিধি রয়েছে। |
| ৬. | নৌ পুলিশ-এর প্রতিনিধি | সদস্য | যে জেলায় উক্ত সংস্থার প্রতিনিধি রয়েছে। |
| ৭. | বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর প্রতিনিধি | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ৮. | উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ৯. | উপ পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ১০. | উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ১১. | উপ পরিচালক, বিআরডিবি | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ১২. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ১৩. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ১৪. | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ১৫. | জেলা কমানডেন্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ১৬, | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট জেলা |
| ১৭. | জেলে/মৎস্যজীবী সমিতির প্রতিনিধি- ৩জন (জাতীয় মৎস্যজীবী সমিতি/বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি/মৎস্যজীবী, উপজাতি এবং হতদরিদ্র উন্নয়ন সোসাইটি/বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ ইত্যাদি-এর যে কোন ৩টি সংগঠনের ৩জন প্রতিনিধি) | সদস্য | সংশ্লিষ্ট জেলায় যে সকল মৎস্যজীবী সংগঠনের দৃশ্যমান কার্যক্রম চলমান সেইরূপ ৩টি সংগঠনের ৩ জন প্রতিনিধি জাতীয় মৎস্যজীবী সমিতি ও বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির সভাপতি/সদস্য সচিব এবং সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার সমন্বয়ে মনোনীত হবেন। |
| ১৮. | প্রেস ক্লাবের সভাপতি/সাধারণ সম্পাদক | সদস্য | সংশ্লিষ্ট জেলা |

| ক্রমিক নং | কমিটির সদস্য | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১৯. | উপজেলা নির্বাহী কর্মকর্তা (প্রয়োজনীয় সংখ্যক) | সদস্য | জেলার নদী তীরবর্তী এবং ইলিশ ও জাটকা সমৃদ্ধ উপজেলা সমূহের উপজেলা নির্বাহী কর্মকর্তা কমিটিতে প্রতিনিধিত্ব করবেন। |
| ২০. | সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (প্রয়োজনীয় সংখ্যক) | সদস্য | জেলার নদী তীরবর্তী এবং ইলিশ ও জাটকা সমৃদ্ধ উপজেলা সমূহের উপজেলা মৎস্য কর্মকর্তা কমিটিতে প্রতিনিধিত্ব করবেন। |
| ২১. | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব | সংশ্লিষ্ট জেলা |

**কমিটির কার্যপরিধি:**

১. জাটকা ও মা ইলিশ এবং অভয়াশ্রমে মাছ আহরণ নিষিদ্ধ সময়ের পূর্বে কমিটির সকল সংস্থার সদস্যদের সমন্বয়ে সভার আয়োজন করে নিষিদ্ধ সময়ে অবৈধভাবে মাছ আহরণ নির্মূলকরণের লক্ষ্যে ব্যবস্থাপনার কৌশল এবং কর্ম পরিকল্পনা নির্ধারণ করবেন এবং অভিযানকালীন প্রতি মাসে ১টি করে সমন্বয় সভা করবেন;

২. জাটকা ও মা ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে খাদ্য সহায়তা ও বিকল্প কর্মসংস্থান উপকরণ সুষ্ঠু বিতরণের লক্ষ্যে কমিটির সদস্যগণ প্রয়োজনীয় তদারক করবেন। এ বিষয়ে জেলা প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন;

৩. জাটকা ও মা ইলিশ রক্ষায় সামাজিক অন্দোলন গড়ে তোলার উদ্দেশ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, হাট-বাজার ও জেলে পল্লীতে ব্যাপকভাবে উদ্বুদ্ধকরণ ও প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন;

৪. জাটকা আহরণ ও ক্রয়-বিক্রয় বন্ধে অভিযান ও ভ্রাম্যমান আদালত পরিচালনা করবেন;

৫. প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ আহরণ, পরিবহন ও ক্রয়-বিক্রয় বন্ধে অভিযান ও ভ্রাম্যমান আদালত পরিচালনা করবেন;

৬. জাটকা ও মা ইলিশ রক্ষার নিমিত্ত কারেন্ট জাল, বেহুন্দি জালসহ অন্যান্য অবৈধ জাল উৎপাদন ও বিপণন এবং ব্যবহার বন্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য ভ্রাম্যমান আদালত, বিশেষ কম্বিং অপারেশন ও অভিযান পরিচালনা করবেন;

৭. অভয়াশ্রমে সকল ধরণের মাছ আহরণ নিষিদ্ধ সময়ে বিশেষ পেট্রোলিং এর উদ্যোগ গ্রহণ করবেন, প্রয়োজনে এতদসংক্রান্ত অভয়াশ্রম সংশ্লিষ্ট স্থানীয় ইউনিয়ন কমিটিকে প্রয়োজনীয় নির্দেশনা দিবেন;

৮. কমিটি প্রয়োজনে অন্য সদস্য কো-অপ্ট করতে পারবেন।


Aporaa
২০/১০/২০২৫
(ছাইদা আক্তার পরাগ)
উপসচিব
ফোন-৫৫১০০০৮১
ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। জেলা প্রশাসক, ........................................;
০২। পুলিশ সুপার ........................................;
০৩। বাংলাদেশ নৌবাহিনীর প্রতিনিধি..............................;
০৪। বাংলাদেশ কোষ্ট গার্ডের প্রতিনিধি..............................;
০৫। র‍্যাপিড একশন ব্যাটেলিয়ন (র‍্যাব) এর প্রতিনিধি.....................;
০৬। নৌ পুলিশ এর প্রতিনিধি........................................;
০৭। বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর প্রতিনিধি.........................;
০৮। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর...................................;
০৯। উপ পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর.................................;

১০। উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর............................;

১১। উপ পরিচালক, বিআরডিবি....................................................................;

১২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা.................................................................;

১৩। জেলা ত্রাণ ও পূনর্বাসন কর্মকর্তা........................................;

১৪। জেলা শিক্ষা কর্মকর্তা ........................................................................;

১৫। জেলা কমানডেন্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি.........................;

১৬। জেলা সমবায় কর্মকর্তা............................................;

১৭। জেলা মৎস্য কর্মকর্তা. .........................**(সংশ্লিষ্টদেরকে পরিপত্রটি বিতরণ করার অনুরোধ সহ)**;

১৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা.....................................................................;

১৯। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা.......................................;

২০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব...................................;

২১। সভাপতি/ মহাসচিব, জাতীয় মৎস্যজীবী সমিতি ও বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা;

০২। উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);

০৩। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

০৪। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় **(পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**;

০৫। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।